দৈনিক সংবাদ

23

তারিখ ... FEB 16 2000 ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# 'মুক্তিযুদ্ধের ইতিহাস ও আমাদের পাঠক্রম' সেমিনার

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গত সোমবার সকালে টিএসসি মিলনায়তনে মুক্তিযুদ্ধ চর্চা কেন্দ্রের উদ্যোগে 'মুক্তিযুদ্ধের ইতিহাস ও আমাদের পাঠক্রম ঃ বর্তমান পরিপ্রেক্ষিত' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনার উদ্বোধন করেন প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ. কে আজাদ চৌধুরী। মুক্তিযুদ্ধ চর্চা কেন্দ্রের আহ্বায়ক অধ্যাপক রতন লাল চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক মোঃ শাহাদত আলী, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম শরীফ এবং বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক আ. ফ সালাউদ্দিন।

উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রের পক্ষ থেকে স্বাগত ভাষণ দেন অধ্যাপক শরীফউল্লাহ ভুইয়া এবং ধন্যবাদ জ্ঞাপন করেন কেন্দ্রের যুগ্ম আহ্বায়ক এ কে এম গোলাম রব্বানী।

অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, 'বাঙালির জাতীয় ইতিহাস এবং তাদের হাজার বছরের সবচাইতে গৌরবময় অর্জনে মুক্তিযুদ্ধ আমাদের পাঠ্যসূচিতে যথাযথভাবে উপস্থাপন করা খুবই প্রয়োজন।

সেমিনারে তিনটি পৃথক অধিবেশন হয় এবং এতে ৮টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। এই অধিবেশন তিনটিতে সভাপতিত্ব করেন যথাক্রমে অধ্যাপক আনিসুজ্জামান, অধ্যাপক জাহানারা হক চৌধুরী এবং অধ্যাপক কাজী শহীদুল্লাহ। অধিবেশনে প্রবন্ধ পাঠে অংশগ্রহণ করেন, অধ্যাপক রতন লাল চক্রবর্তী, আবু মোঃ দেলোয়ার হোসেন, গোলাম সাকলায়েন সাকী, এ. কে. এম গোলাম রব্বানী, রোজিনা কাদের, হোসনে আরা বেগম ও মোহাম্মদ জিন্নাহ, এ. কে. এম খাদেমুল হক, ডঃ মমতাজউদ্দিন পাটোয়ারী, আফসাদুল আলম, আশফাক হোসেন। এসব প্রবন্ধের উপর আলোচনায় অংশ গ্রহণ করেন অধ্যাপক ফখরুল আলম, ইসলামিক ফাউন্ডেশনের মহা পরিচালক মওলানা আবদুল আওয়াল, অধ্যাপক কে. এম মোহসীন, ডঃ শাহজাহান তপন, ডঃ সিদ্দিকুর রহমান ও অজয় রায়।